বাংলাদেশের
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়
'অডিট ভবন'
৭৭/৭ কাকরাইল, ঢাকা- ১০০০
www.cag.org.bd

নং-সিএজি/রি-অর্গান(এনজিই-২)/সম্মানী/৯৭/১২১২ তারিখঃ ১৯-০৫-২০১৯ খ্রিঃ।

পরিপত্র

অর্থ মন্ত্রণালয়ের স্মারক নম্বরঃ- এমএফ (ইসি-১) ডিপি- ১/৭৭/৮৮ তারিখঃ ২১-৪-৭৭ খ্রিঃ এবং স্মারক নম্বরঃ-০৭. ০০. ০০০০. ১৫১. ২২. ০০৩. ১৫-৩৫১(১), তারিখঃ ১৬-০৮-২০১৫ খ্রিঃ এর প্রেক্ষিতে কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল-এর কার্যালয়, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী, সকল অডিট অধিদপ্তর, প্রতিরক্ষা অর্থ বিভাগ এবং রেলওয়ে হিসাব বিভাগের কর্মকর্তা/ কর্মচারীগণকে সময় বিশেষে সম্পাদিত কঠোর শ্রমসাধ্য কাজের জন্য ২০১৮-২০১৯ অর্থ বৎসরে নিম্নলিখিত হারে এবং শর্তে সম্মানী নির্দেশক্রমে মঞ্জুরী প্রদান করা হলো।

ক্রমিক নং	পদবী	সম্মানীর হার
১.	ডিএজি/সমমান পদ (চলতি দায়িত্বসহ)	১০,০০০/-
২.	এএজি/এএন্ডএও/সমমান পদ (চলতি দায়িত্বসহ)	৯,৮০০/-
৩.	দ্বিতীয় শ্রেণী/সমমান পদ (চলতি দায়িত্বসহ)	৯,৫০০/-
৪.	তৃতীয় শ্রেণী	৯,০০০/-
৫.	চতুর্থ শ্রেণী	৮,০০০/-

সম্মানী প্রাপ্যতার নীতিমালা ও শর্তসমূহঃ

১। সম্মানী প্রদানের ক্ষেত্রে এফ আর-৪৬ (বি) এবং বি এস আর (১ম খন্ড)-এর ৬ নং অধ্যায়ের ধারা কঠোরভাবে পালন করতে হবে।

২। বর্তমান অর্থ বছরে যে সকল কর্মকর্তা ও কর্মচারীগণ শৃংখলামূলক কেইসে সাজা প্রাপ্ত হয়েছেন তাঁরা সম্মানী প্রাপ্য হবে না।

৩। বর্তমান অর্থ বছরে যে সকল কর্মকর্তা ও কর্মচারীগণ শৃংখলামূলক কেইসে প্রক্রিয়াধীন রয়েছে তাঁরা সম্মানী প্রাপ্য হবে না।

(ব্যাখ্যাঃ প্রক্রিয়াধীন বলতে প্রাথমিক তদন্তে অভিযোগ প্রতিষ্ঠিত হওয়া হতে চূড়ান্ত নিষ্পত্তি না হওয়া পর্যন্ত সকল পর্যায়ের কার্যক্রমকে বুঝাবে)

৪। বর্তমান অর্থ বছরে পি আর এল ভোগরত যে সকল কর্মকর্তা / কর্মচারী ৩ (তিন) মাস বা তদুর্ধ্ব সময় কর্মরত ছিলেন তাঁদের ক্ষেত্রে সম্মানী বিবেচনা করা যেতে পারে।

৫। বর্তমান অর্থ বছরে যে সকল কর্মকর্তা / কর্মচারী এক অফিস হতে অন্য অফিসে বদলী হয়েছেন সে সকল ক্ষেত্রে কর্মকর্তা / কর্মচারী যে অফিসে বর্তমানে কর্মরত রয়েছেন সেই অফিস থেকে সম্মানী গ্রহণ করতে পারবেন।

৬। বর্তমান অর্থ বছরে মধ্যে ভিন্ন কোন সম্মানী প্রদান করা হয়ে থাকলে সেই ক্ষেত্রে পূর্বে প্রদত্ত সম্মানীসহ মোট ১০,০০০/- (দশ হাজার) টাকার মধ্যে সীমাবদ্ধ রাখতে হবে।

৭। প্রেষণ হতে প্রত্যাগত কর্মকর্তা/কর্মচারীগণ যারা বর্তমান অর্থ বছরে বিভাগে ৩ (তিন) মাস বা তদুর্ধ্ব সময় কর্মরত আছেন তাঁরা পূর্বে কর্মরত অফিসে সম্মানী প্রাপ্ত না হলে পূর্বের অফিস হতে বর্তমান অর্থ বছরে কোন সম্মানী প্রদান করা হয় নাই মর্মে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রত্যয়ন পত্র প্রদান সাপেক্ষে সম্মানী মঞ্জুরীর বিষয় বিবেচনা করা যেতে পারে।

৮। কর্মকর্তা/ কর্মচারীদের সম্মানী কোন ক্রমেই তাঁদের এক মাসের মূল বেতনের ঊর্ধ্বে হবে না।

৯। একই কর্মকর্তা / কর্মচারীর নাম, সম্মানী মঞ্জুরীর জন্য একাধিক অফিস হতে সুপারিশ করা হলে সংশ্লিষ্ট কর্মকর্তা / কর্মচারীদের একাধিকবার যাতে সম্মানী প্রদান না করা হয় সেই বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে।

১০। মঞ্জুরীকৃত সম্মানী ভাতা প্রদান করে প্রদানকৃত সম্মানী মঞ্জুরীর অফিস আদেশের কপি এই অফিসে বাজেট শাখা এবং রি-অর্গান শাখায় সর্বশেষ ২৭-০৭-২০১৯ খ্রিঃ তারিখের মধ্যে অবশ্যই প্রেরণ করতে হবে।

১১। এ পরিপত্র জারির পূর্বে যে সকল কর্মকর্তা / কর্মচারী নিয়োগ প্রাপ্ত হয়েছেন তাঁদেরকেও সম্মানী প্রদান করা যেতে পারে।

স্বাঃ
(শিহাব হাসান চৌধুরী)
সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রি-অর্গান)
ফোন ঃ ৯৩৩০১৫৩

অঃ পৃঃ দ্রঃ

D:\Backup\D\E Drive Old Computer\Re-Organ\f-71-Honourium-97\Legal Pote.doc

নং-সিএজি/রি-অর্গান(এনজিই-২)/সম্মানী/৯৭/১২১২ (২৮) তারিখঃ ১৯-০৫-২০১৯ খ্রিঃ।

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) ঃ

১. কন্ট্রোলার জেনারেল ডিফেন্স ফাইন্যান্স, ১ম ১২ তলা সরকারি অফিস ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
২. মহা পরিচালক, ফিন্যান্সিয়াল ম্যানেজমেন্ট একাডেমী, এ/৭ লালাসরাই, মিরপুর-১৪, ঢাকা।
৩. উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সিনিয়র), সিএজি অফিস, ঢাকা।
৪. অতিঃ মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ১৬ আব্দুল গনি রোড, ঢাকা।
৫-৬. উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (এএন্ডআর/পদ্ধতি), সিএজি অফিস, ঢাকা।
৭. মহা পরিচালক, বাণিজ্যিক অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুন বাগিচা, ঢাকা।
৮. মহা পরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
৯. মহা পরিচালক, প্রতিরক্ষা অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১০. মহা পরিচালক, বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পঅডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১১. মহা পরিচালক, রেলওয়ে অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১২. মহা পরিচালক, সিভিল অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুনবাগিচা, ঢাকা।
১৩. মহা পরিচালক, ডাক, টেলিযোগাযোগ, বিজ্ঞান ও প্রযুক্তি বিষয়ক অডিট অধিদপ্তর, সেগুনবাগিচা,ঢাকা
১৪. মহা পরিচালক, পূর্ত অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুন বাগিচা, ঢাকা।
১৫. মহা পরিচালক, দূতাবাস অডিট অধিদপ্তর, অডিট কমপ্লেক্স, সেগুন বাগিচা, ঢাকা।
১৬. মহা পরিচালক, পারফরমেন্স অডিট অধিদপ্তর, ২য় ১২তলা সরকারি অফিস ভবন (৯ম তলা) সেগুনবাগিচা, ঢাকা।
১৭-২০ অতিঃ উপ-মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (প্রশাসন/পার্সোনেল/পদ্ধতি/সংসদ/কিউএসি), সিএজি অফিস
২১. পরিচালক, এমআইএস, সিএজি অফিস, ঢাকা।
২২-২৭ সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রি-অর্গান/পরীক্ষা ও পরিদর্শন/রিপোর্ট/অডিট/হিসাব/আরআর ইউ), সিএজি অফিস, ঢাকা।
২৮. উপ-পরিচালক, এমআইএস, সিএজি অফিস, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
২৯. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, সিএজি, পিএসসি ও নির্বাচন কমিশন, সেগুন বাগিচা, ঢাকা।
৩০. পিএস টু সিএজি মহোদয়, সিএজি অফিস, ঢাকা।
৩১. এএজি প্রবেশনারবৃন্দ, ফিমা।
৩২. এএন্ডএও (প্রশাসন/ বাজেট), সিএজি অফিস, ঢাকা।
৩৩. প্রশাসন শাখা (স্থানীয়)।
৩৪. অফিস কপি/গার্ড ফাইল।

বর্ণিত নীতিমালার ভিত্তিতে নিজ নিজ অফিসে সম্মানীর তালিকা প্রস্তুত করতঃ সম্মানী প্রদান করিতে হবে। এর জন্য সিএজি কার্যালয়ের সুপারিশের কোন তালিকা প্রেরণের প্রয়োজন নাই। তবে ১০ নং শর্তে উল্লেখিত সময়ের ভিতর সম্মানী মঞ্জুরীর অফিস আদেশের কপি অবশ্যই প্রেরণ করতে হবে।

(শিহাব হাসান চৌধুরী)
সহকারী মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (রি-অর্গান)
ফোন ঃ ৯৩৩০১৫৩